



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-১২৯

তারিখঃ ১৫/০২/২০১৮ খ্রি:


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব অবহেলা ও যথাযথ তদারকীর অভাবে কিস্তি খেলাপীসহ মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। তাই স্মারক নংঃ ৩৯৭০, তারিখঃ ১৮/১০/২০১৬ খ্রিঃ মূলে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী রোধ করার লক্ষ্যে প্রতি সপ্তাহের শনিবার বাধ্যতামূলকভাবে স্ব-স্ব উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো এর নেতৃত্বে সকল মাঠ সংগঠক ও হিসাব সহকারী যৌথভাবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপীকৃত সমিতিতে সরেজমিনে উপস্থিত হয়ে উঠান বৈঠকসহ খেলাপী ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনা করাসহ বিশেষ অভিযানে আদায়কৃত অর্থের তথ্য প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, কিছু সংখ্যক উপজেলায় নির্দেশনা মোতাবেক বিশেষ আদায় অভিযান পরিচালিত হচ্ছে না। এতে প্রতীয়মান হয় সংশ্লিষ্ট উপজেলার প্রধান প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হিসেবে ইউআরডিও, বিআরডিবি এ বিষয়ে যথাযথভাবে তদারকি করছেন না।

২। এছাড়া স্মারক নং : ৫৯৫ তারিখ : ২৭/০৮/২০১৭খ্রিঃ মূলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারীকে মাসে একবারের বেশি কর্মস্থল ত্যাগের অনুমোদন দেয়া যাবে না এবং বিশেষ কারণে একবারের বেশি কর্মস্থল ত্যাগের প্রয়োজন হলে প্রকল্প সদর দপ্তরের পূর্বনুমোদন নিতে হবে মর্মে নির্দেশনা দেয়া সত্ত্বেও তা অধিকাংশ উপজেলাতেই মানা হচ্ছে না; যা অসদাচরণের শামিল।

৩। এমতাবস্থায়, যে সকল উপজেলায় নিয়মিতভাবে শনিবারের বিশেষ অভিযান পরিচালিত হচ্ছে না এবং প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণ প্রতি মাসে একাধিকবার কর্মস্থল ত্যাগ করেন; সে সকল উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দায়িত্ব/তদারকি করছেন না মর্মে প্রতীয়মান হয়। এ সকল উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।

প্রকল্পের স্বার্থে এই আদেশ জারি করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
৫. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।